

মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী শূদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির
২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ আব্দুল ওয়াহেদ মন্ডল, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
স্থান : উপপরিচালকের দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
তারিখ : ৩১/০৭/২০২৩ খ্রি.
সময় : বেলা ১০.০০ ঘটিকা।

(সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো)

১. জনাব মোঃ আব্দুল ওয়াহেদ মন্ডল, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ আরিফুল ইসলাম, জাতীয় শূদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট ও সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী ২০২৩-২৪ অর্থ বৎসরের জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ উপস্থাপন করেন এবং জানান যে, ইতিমধ্যে অত্র দপ্তরের স্বাক্ষরিত কর্মপরিকল্পনা ওয়েবপোর্টালের সেবাবক্সে আপলোড করা হয়েছে। এছাড়াও জাতীয় শূদ্ধাচার কর্মপরিকল্পনার ২.১ নং কার্যক্রম এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা গত ৩০.০৭.২০২৩ খ্রি. তারিখে ওয়েবপোর্টালের বাজেট সেবাবক্সে আপলোড করা হয়েছে।
২. তিনি সভাকে আরও জানান যে, জাতীয় শূদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ৩ নং ক্রমিকের শূদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় ৩.১ নং আবশ্যিক কার্যক্রম সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতাদের মতামত সংরক্ষণ সংক্রান্ত রেজিষ্টার খোলা হয়েছে এবং অফিসে আগত সেবাগ্রহীতাদের মতামতসহ তথ্য সংরক্ষণ করা হচ্ছে। তিনি এ বিষয়ে উল্লেখ করেন যে, অত্র দপ্তর হতে প্রদত্ত দাপ্তরিক ও অভ্যন্তরীণ সেবার চাহিদা বেশীরভাগ ক্ষেত্রেই ডি-নথির মাধ্যমে আবেদন আসে এবং ডি-নথির মাধ্যমেই প্রদান করা হয় ফলে সেবা প্রদান রেজিষ্টারে তুলনামূলকভাবে কম সংখ্যক সেবা লিপিবদ্ধ হচ্ছে।


বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(০১) সকল জেলা ও উপজেলা মৎস্য দপ্তর জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ স্ব স্ব ওয়েবপোর্টালের সেবাবক্সে আপলোড করবে।

(২) সকল জেলা ও উপজেলা অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম বাস্তবায়ন করবে।

(৩) সকল জেলা ও উপজেলা দপ্তর সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লেখিত সময়ের মধ্যে দাপ্তরিক ও অভ্যন্তরীণ সেবা প্রদান করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ আব্দুল ওয়াহেদ মন্ডল)
উপপরিচালক

ও

সভাপতি




জাতীয় শূদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি
মৎস্য অধিদপ্তর
রাজশাহী বিভাগ, রাজশাহী।

পরিশিষ্ট ক

সভায় উপস্থিত জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটির সদস্যদের তালিকা

তারিখঃ ৩১.০৭.২০২৩খ্রি.

সময়ঃ ১০.০০ ঘটিকা

ক্র.নং	নাম, পদবী ও কর্মস্থল	পদ	স্বাক্ষর
০১	মোঃ আব্দুল ওয়াহেদ মন্ডল, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী	সভাপতি	
০২	মোঃ আরিফুল ইসলাম, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী	ফোকাল পয়েন্ট	
০৩	সানজিদা খানম, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী	সদস্য	
০৪	সরকার মুহাম্মদ রফিকুল আলম, সিনিয়র সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী	সদস্য সচিব	